**কবিতা/গল্প প্রকাশ**
সংবাদপত্রের সাহিত্য পৃষ্ঠায় "কবিতা/গল্প" প্রকাশিত করতে যোগাযোগ নং- ৯০৬২৮৬৭৯২১
* * * * * * * * * * * * * * * * * * *

হাওড়া থেকে প্রকাশিত বাংলা দৈনিক

# এই যুগ
EI YUG

"ওঠো , জাগো , লক্ষ্যে না পৌঁছানো পর্যন্ত থামো না "
- স্বামী বিবেকানন্দ



ইন্টারনেট সংস্করণ : eiyug.in [ PRICE। মূল্য-2 টাকা ]

HOWRAH । হাওড়া DAILY।দৈনিক RNI:WBBEN/2020/81746 26 JUNE 2025 , THURSDAY । ২৬ জুন ২০২৫ , বৃহস্পতিবার VOLUME । বর্ষ-5 ISSUE । সংখ্যা-314 PAGE । পৃষ্ঠা-4

## ৫০ এর নীচেই আটকে যাবে বিজেপি ,ভবিষ্যদ্বাণী অভিষেকের



এই যুগ , দক্ষিণ ২৪ পরগনা ,২৫ জুন : আসন্ন ২০২৬ শের বিধানসভা নির্বাচনে ৫০-এর নীচেই আটকে যাবে বিজেপি , দাবি করলেন তৃণমূল কংগ্রেসের সেকেন্ড ইন কম্যান্ড অভিষেক বন্দ্যোপাধ্যায়। প্রতি বছর নিজের সাংসদ তহবিলের কাজের খতিয়ান তুলে ধরতে 'নিঃশব্দ বিপ্লব' নামের সভার আয়োজন করেন। এদিন সেখানেই তিনি এই মন্তব্য করলেন অভিষেক। তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের ভবিষ্যদ্বাণী , ২০২৬ শের বিধানসভা ভোটে বিজেপি বাংলার ক্ষমতা দখল করবে বলছে। গতবারে ওরা ৭৭টা আসন পেয়েছিল , এবারে ওরা ৫০ এর নীচে আটকে যাবে।আমি সচরাচর কোনও বিষয়ে ভবিষ্যদ্বাণী করি না। আর করলে ঈশ্বরের কৃপায় তা অল্প হলেও মিলে যায়। অভিষেকের কথায় , মানুষের প্রতি , দলের কর্মীদের প্রতি তাঁর পূর্ণ বিশ্বাস ,আস্থা আছে। বছরভর যদি মানুষের পাশে কেউ থাকে , তাহলে তারা তৃণমূলের কর্মীরাই। ফলে ভোট তাঁরাই পাবেন বলে এদিন দাবি করেছেন অভিষেক বন্দ্যোপাধ্যায় ।

## গাছ কাটা নিয়ে ভিডিওর কাছে অভিযোগ



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৫ জুন : যশোডাঙ্গা ব্লক অফিসে গাছ কাটা নিয়ে অভিযোগ দায়ের করলেন পারোকাটা এলাকার বাসিন্দা। আইনকে বুড়ো আঙ্গুল দেখিয়ে ব্লক চত্বর থেকে চারটে গাছ কাটার অভিযোগ উঠেছে। পুরাতন গাছ কাটার পরিপ্রেক্ষিতে শাসক দলের নেতা থেকে শুরু করে বিরোধীরাও গর্জে উঠেছেন। ব্লক ক্যাম্পাসে বিজেপির পক্ষ থেকে বিক্ষোভ প্রদর্শন করা হয়েছে। এবার কি কারনে গাছ কাটা হলো , কাটা গাছ কোথায় সংরক্ষিত রাখা হয়েছে এমন সমস্ত দাবি নিয়েই বিডিওকে লিখিত অভিযোগ দায়ের করলেন পারোকাটা এলাকার বাসিন্দা অনুপ কুমার দাস। পুরাতন গাছ কেটে ওই স্থানে দোকান ঘর তৈরির কাজ শুরু হয়েছে। যদিও এই দোকান ঘর তৈরির পেছনে রহস্য রয়েছে বলে মনে করছেন অনেকেই।

## ১১ বছরেও জেলার নাম বদল হয়নি সলসলাবাড়ীতে




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৫ জুন : রাজ্যের মুখ্যমন্ত্রী আলিপুরদুয়ার জেলা ঘোষণা করেছেন ২০১৪ সালের ২৫ জুন। প্রশাসনিক কর্তারা ঢাকঢোল পিটিয়ে আলিপুরদুয়ার জেলার জন্মদিন পালন করছেন। আলিপুরদুয়ার জেলার প্রশাসনিক ভবন ডুয়ার্স কন্যা থেকে কয়েক কিলোমিটার দূরেই সলসলাবাড়ী হাই স্কুলের পাশে দক্ষিণ সলসলাবাড়ী সমবায় কৃষি উন্নয়ন সমিতির বিল্ডিং এ এখনো জলপাইগুড়ি জেলা লেখা রয়েছে। এমনটাই দেখা গেল বুধবার বিকেল সাড়ে পাঁচটা নাগাদ ওই এলাকায় গিয়ে। যদিও এলাকার বাসিন্দারা বলছেন দায়িত্বহীন লোকদের জন্যই এখনো জলপাইগুড়ি জেলা লেখা রয়েছে ওই অফিসে। এলাকার বাসিন্দাদের কাছ থেকে জানা গেছে মাঝেমধ্যে অফিসে লোক আসেন অধিকাংশ দিনেই লোকের দেখা পাওয়া যায় না। তবে জলপাইগুড়ি জেলা মুছে আলিপুরদুয়ার জেলা লেখা প্রয়োজন বলছেন এলাকার শুভবুদ্ধি সম্পন্ন মানুষেরাও।

## বধূর মৃত্যুতে গ্রেপ্তার তিন ,জেল হেফাজত শ্বশুর শাশুড়ির



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৫ জুন : বারবিশা লস্কর পাড়ায় গৃহবধূর মৃত্যুর ঘটনায় তিন অভিযুক্তকে আলিপুরদুয়ার জেলা আদালতে তোলার পর মূল অভিযুক্ত মৃত গৃহবধূর স্বামীকে তিনদিনের পুলিশ হেফাজতে নিল কুমারগ্রাম থানার পুলিশ এমনটাই জানা গেছে আদালত সূত্রে বুধবার বিকেল সাড়ে পাঁচটা নাগাদ। বারবিশা লস্কর পাড়া এলাকার গৃহবধূ পায়েল সূত্রধরের মৃত্যু হয় গত রবিবার শিলিগুড়িতে চিকিৎসাধীন অবস্থায়। পায়েলের বাবার অভিযোগ তাকে বিষ খাইয়ে মেরে ফেলেছেন তার শ্বশুরবাড়ির লোকেরা। রবিবার মৃত্যুর পরেই মঙ্গলবার তাদের বিরুদ্ধে অভিযোগ দায়ের হয়। মঙ্গলবার বিকেলেই তাদের গ্রেফতার করা হয়। বুধবার তাদের আদালতে পাঠানো হয়। মৃত গৃহবধুর স্বামী সুজিত বিশ্ব শর্মা কে তিন দিনের পুলিশ হেফাজতে নিয়েছেন। অন্যদিকে বাবা নৃপেন্দ্র বিশ্ব শর্মা এবং মা সুচিত্রা বিশ্ব শর্মাকে জেল হেফাজতের নির্দেশ দিয়েছে বিচারক। এদিকে লস্কর পাড়ায় গৃহবধূর মৃত্যুর পরেই ব্যাপক চাঞ্চল্য তৈরি হয়েছে।

## জেলার কথা

# বাইকের ধাক্কায় সাইকেল আরোহীর মৃত্যু



মলয় দেবনাথ ,এই যুগ , আলিপুরদুয়ার ,২৫ জুন : যশোডাঙ্গা বাস স্ট্যান্ড সংলগ্ন এলাকায় বাইকের ধাক্কায় এক সাইকেল আরোহীর মৃত্যুর ঘটনার পর বুধবার বিকেল পাঁচটা নাগাদ শামুকতলা থানায় অভিযোগ দায়ের করলেন মৃত ব্যক্তির স্ত্রী। পুলিশ বাইক টিকে আটক করেছে। জানা গেছে মঙ্গলবার রাত সাড়ে সাতটা নাগাদ আলিপুরদুয়ার শামুকতলা রাজ্য সড়ক সাইকেল নিয়ে পারাপার করতে গিয়ে বাইকের ধাক্কায় গুরুতর জখম হয় মলয় দেবনাথ বলে এক ব্যক্তি। তিনি পেশায় দর্জি। বাড়ির সামনে একটি দোকান রয়েছে তার। আর সেই দোকান থেকেই তার মেয়েকে সাইকেলে বসিয়ে যশোডাঙ্গা বাজারের উদ্দেশ্যে রওনা হয়েছিলেন। দুর্ঘটনার পরেই এলাকার বাসিন্দারা তাকে যশোডাঙ্গা গ্রামীণ হাসপাতালে নিয়ে যায়। সেখান থেকে চিকিৎসক তাকে আলিপুরদুয়ার জেলা হাসপাতালে নিয়ে যাওয়ার পর চিকিৎসক তাকে মৃত বলে ঘোষণা করে। এদিকে তার চার বছরের শিশু কন্যাকে অধিক রাতে আলিপুরদুয়ার জেলা হাসপাতালে নিয়ে ভর্তি করা হয়েছে। বুধবার তার মৃতদেহ ময়নাতদন্তের পর তার বাড়িতে নিয়ে আসা হয়েছে। মৃতদেহ বাড়িতে নিয়ে আসার পর পাড়া-প্রতিবেশীদের ভিড় জমেছে শেষবারের মতো তাকে দেখার জন্য। এদিকে সাইকেল-আরোহীর মৃত্যুর পরেই পুলিশের কাছে অভিযোগ দায়ের হয়েছে।পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

## কাগজের নৌকা

২৬ জুন ২০২৫ , বৃহস্পতিবার

### সুখ-দুঃখ

আশীষ কুমার কুন্ডু
( ব্যারাকপুর , পশ্চিমবঙ্গ )

জীবনটা এক যেন মরু-তীর্থ ,
গুল্ম সমতুল্য ,
সুখের সিঁড়ি বড় পিছোল ,
মধুর সুখ থাকে বহু যোজন দূরে ,
হড়কে পড়ার বড় ভয় ,
সব যেন শূন্যতায় মিলিয়ে যায় ,
দৈন্য-তায় সবকিছু যেন পথ হারায়।
মনের ক্ষুধা বাড়ায় পাগলামি ,
বেঁচে আছি শুধু ,
বুকের ভেতর কষ্ট নিয়ে ,
বহাল তবিয়তে ,শুধুই হৃদয় জুড়ে ,
কষ্টগুলো আগলে রেখে ,
ফিরেই আছে শুধু পাল তুলে ,
জরাজীর্ণ তীরে বইছে যেন বিষন্নতা ,
তাড়া করছে ক্ষনিকের আসভাসন ,
ক্ষণস্থায়ী জীবনে সুখ এসে কড়া নাড়ে ,
আঁধার নামবে অমাবস্যার রাতে ,
সমাজের চোখে হয়তো ,
জীবিত হয়েই যাবে ,
পুড়ে ছাই হয়ে ফিরবে তবুও ,
জীবন্ত এক কামনার অপলক চিত্তে ,
সব যেন রয়ে যাবে এই ভিটেতেই।।

# বন বিভাগের অভিযানে বাজেয়াপ্ত চোরাই কাঠ



মলয় দেবনাথ ,এই যুগ , আলিপুরদুয়ার ,২৫ জুন : গোপন সূত্রের খবরের ভিত্তিতে কুমারগ্রাম ব্লকের চেংমারি গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত ঘাকসাপাড়া এলাকায় অভিযান চালায় বন বিভাগের ঘোড়ামারা বিটের বন কর্মীরা।অভিযানে মোট ২০ সিএফটি চোরাই কাঠ উদ্ধার করে বন বিভাগ যার আনুমানিক বাজার মূল্য ৬০ হাজার টাকা। তবে অভিযানে কাউকে গ্রেফতার করা সম্ভব হয় নাই বলে জানিয়েছে বন বিভাগের কর্মীরা। ঘোড়ামারা বিটের বিট অফিসার নুর ইসলাম শেখ জানিয়েছেন অভিযান লাগাতার ভাবে চলতেই থাকবে।

# সুদের টাকা দিতে না পারায় বাড়ি থেকে তুলে নিয়ে গিয়ে দড়ি দিয়ে বেঁধে রাখলো



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৫ জুন : এক লক্ষ দশ হাজার টাকা সুদ নিয়েছিলেন চড়া হারে জমির দলিল রেখে। সময় মত সুদের টাকা শোধ করতে পারেননি তাই বাড়ি থেকে এক মহিলা সহ তিন পুরুষকে তুলে নিয়ে গিয়ে তার বাড়িতে বেঁধে রাখলো কয়েক ঘন্টা। ঘটনার খবর পাওয়ার পরেই ছুটে যায় শামুকতলা থানার ভাটিবাড়ী ফাঁড়ির পুলিশ। পুলিশ গিয়ে বাঁধন মুক্ত করে তাদের। ঘটনাটি ঘটেছে আলিপুরদুয়ার জেলার শামুকতলা থানার ভাটিবাড়ী গ্রাম পঞ্চায়েতের থানুপাড়া এলাকায়। এক বছর আগে মারপিটের জেরে দিলীপ রায়ের বিরুদ্ধে এক ব্যক্তির চোখ নষ্ট করে দেওয়ার অভিযোগ উঠেছিল। আজ সেই দিলীপ রায়ের বাড়িতেই একই পরিবারের চারজনকে গরুর দড়ি দিয়ে বেঁধে রাখলেন এমন দৃশ্যই দেখা গেছে তার বাড়িতে গিয়ে বুধবার বেলা দুটা নাগাদ। শতকরা কুড়ি টাকা হারে সুদের টাকা মেটাতে হতো। জমির দলিল গচ্ছিত রেখে এক লক্ষ দশ হাজার টাকা নিয়েছিলেন কয়েকবারে অরুণ দেবনাথ। যদিও সুদের কারবারি মহিলা এক লক্ষ টাকার কথা বলেও পরে বলছেন পাঁচ লক্ষ টাকা দিয়েছেন। যদিও সুদ খাটানোর কোন লাইসেন্স তার কাছে ছিল না। ছবি দিলীপ রায় এর পরিবারের বিরুদ্ধে মুখ খুলতে নারাজ এলাকার বাসিন্দারা পাশে তারাও মামলায় জড়িয়ে পড়েন তাই। একই পরিবারের চারজনকে গরুর দড়ি দিয়ে বেঁধে রাখায় শোরগোল পড়ে গেছে ভাটিবাড়ী গ্রাম পঞ্চায়েত এলাকায়। তবে তাদেরকে বেঁধে রেখে মারধর করার অভিযোগ উঠেছে। পুলিশ চারজনকে উদ্ধার করে ভাটিবাড়ী পুলিশ ফাঁড়িতে নিয়ে যায়। এদিকে কিছুক্ষণের মধ্যেই রহস্যজনকভাবে বাড়ি থেকে পুরুষ মহিলা সবাই উধাও হয়ে যাওয়ায় দিলীপ রায়ের দাদা বীরুলাল রায়কে পুলিশ তুলে নিয়ে যায়।

EiYUG
NEWSPAPER PUBLISHING HOUSE
GRAPHIC DESIGN WORK
* NEWSPAPER
* MAGAZINE
* ALL PAGE
* BOOK
* VISITING CARD
* INVITE CARD
* CARD
* FLEX
* POSTER
* CARTOON
* LOGO
PUBLISHING WORK
NEWSPAPER * MAGAZINE * BOOK
For Work
CONTACT NO: 9836753622
Email: eiyugnewspaperpublishinghouse@gmail.com






# প্রি-সুব্রত কাপ ফুটবলে চ্যাম্পিয়ন কামাখ্যাগুড়ি মিশন হাইস্কুল



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৫ জুন : অনূর্ধ্ব-১৭ বালকদের প্রি-সুব্রত কাপ ফুটবল প্রতিযোগিতায় আলিপুরদুয়ার ইস্ট জোন চ্যাম্পিয়ন হল কুমারগ্রাম ব্লকের কামাখ্যাগুড়ি মিশন হাইস্কুল। বুধবার কুমারগ্রাম ব্লকের মাঝেরডাবরি হাইস্কুলে অনুষ্ঠিত ওই ফুটবল প্রতিযোগিতায় ইস্ট জোনের অন্তর্গত ৬টি স্কুল অংশগ্রহণ করে। ফাইনালে মাঠে নামে কামাখ্যাগুড়ি মিশন হাইস্কুল ও খোয়ারডাঙা জলেশ্বরী হাইস্কুল। খেলার নির্ধারিত সময়ে উভয় দলই ২টি করে গোল করায় টাইব্রেকারে ফলাফল নিষ্পত্তি হয়। টাইব্রেকারে ৪-২ গোলে জয়ী হয় কামাখ্যাগুড়ি মিশন হাইস্কুল। আলিপুরদুয়ার ইস্ট জোনের সচিব নিতাই সরকার বলেন ,'জোন চ্যাম্পিয়ন দল জেলা স্তরের প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে। বৃহস্পতিবার , আলিপুরদুয়ার-২ নম্বর ব্লকের লোকনাথপুর হাইস্কুলে জেলা স্তরের প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।'



EI YUG । EDITOR - SUROJIT MALICK । OWNER - SUROJIT MALICK । PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH , PIN-711403 ,STATE-WEST BENGAL । PRINTED BY SUROJIT MALICK AT " EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH , STATE-WEST BENGAL ,PIN-711403 । CONTACT NO- 9062867921 ,9836753661 EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM । RNI : WBBEN/2020/81746 ।